(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০১৩.২৬-৪৪৫

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা
প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ **১৪৪৭ হিজরি/২০২৬ খ্রিস্টাব্দ সনের হজ প্রশাসনিক দল (তৃতীয় ব্যাচ) এর সদস্যদের সৌদি আরবে পদায়ন।**

সূত্র: (১) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৮.০১৩.২৬-৩৬২, তারিখ: ২৭/০৩/২০২৬।
(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩৮.০১৩.২৬-৪২১, তারিখ: ০৯/০৪/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হিজরি ১৪৪৭/২০২৬ খ্রিস্টাব্দ হজ মৌসুমে সৌদি আরবে হজযাত্রীদের সেবা, প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং সুষ্ঠু হজ ব্যবস্থাপনার জন্য অর্পিত অন্যান্য সকল দায়িত্ব পালনের নিমিত্ত হজ প্রশাসনিক দল ২০২৬ (৩য় ব্যাচ) এর সদস্যগণ ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে নিম্নবর্ণিত তারিখ মোতাবেক সৌদি আরব গমন এবং বাংলাদেশ প্রত্যাবর্তন করবেন।

তৃতীয় ব্যাচ (১৮ মে হতে ৩০ জুন ২০২৬)

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবী ও অফিস (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	পদায়ন
১.	ড. মো: মঞ্জুরুল হক, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা, মদিনা ও জেদ্দা
২.	জনাব ছাদেক আহমদ, মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা
৩.	জনাব মো: লোকমান হোসেন, পরিচালক (যুগ্মসচিব), হজ অফিস, ঢাকা	
৪.	জনাব মুহাম্মদ আরিফুল ইসলাম, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৫.	জনাব মো: মহসীন মৃধা, সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৬.	জনাব মোঃ আবুবকর সিদ্দীক, সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৭.	জনাব মাহমুদ, মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
৮.	জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মদিনা
৯.	জনাব মো: তফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	
১০.	জনাব মাসুদ আলম, হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	

উল্লেখ্য যে, হজ প্রশাসনিক দল (৩য় ব্যাচ) এর উপরিউক্ত ছকে উল্লিখিত ক্রমিক নম্বর-১, ২ ও ৩ এর বর্ণিত সদস্যগণ আগামী ২১ মে ২০২৬ তারিখে সৌদি আরবে গমন করবেন এবং ০১ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন।

০২। হজ প্রশাসনিক দল (৩য় ব্যাচ) এর উপরিউক্ত ছকের ১ নং ক্রমিকে বর্ণিত সদস্য মক্কার পাশাপাশি মদিনা এবং প্রয়োজনে জেদ্দায় দায়িত্ব পালন করবেন।

শর্তাবলী:

১. প্রশাসনিক দলের সদস্যগণের দায়িত্ব হবে হজযাত্রীদের সার্বক্ষণিক সেবা প্রদান নিশ্চিত করা।
২. টিমের সদস্যগণ সৌদি আরবে কাউন্সেলর (হজ)/সহকারী মৌসুমী হজ অফিসার মক্কা/মদিনা/জেদ্দার তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন।
৩. টিমের সদস্যগণ কাউন্সেলর (হজ) এর দিক-নির্দেশনা অনুসারে সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমের হজযাত্রীদের বাড়ি/হোটেল পরিদর্শন করত: রির্পোট প্রদান করবেন। এছাড়া মিনা/আরাফা/মুজদালিফা ও অন্যান্য স্থানে প্রয়োজনীয় সেবা প্রদান করবেন।
৪. টিমের সদস্যগণ বিমানের ইকোনোমি ক্লাসে সৌদি আরব গমন ও প্রত্যাগমন করবেন।
৫. টিমের সদস্যগণের আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত পাসপোর্টের মেয়াদ থাকতে হবে।
৬. টিমের কোন সদস্য তার দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না।
৭. ইহা সরকারি ভ্রমণ হিসেবে গণ্য হবে। সৌদি আরবে অবস্থানকালে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ কর্মস্থল হতে বেতন-ভাতাদি গ্রহণ করবেন।

৮. সৌদি আরবে অবস্থানকালে টিমের সদস্যগণের নিজ দায়িত্বে অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় ও খাওয়ার ব্যবস্থা করতে হবে।

৯. টিমের সদস্যগণের যাবতীয় ভ্রমণ ব্যয় ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থ বছরের সংশোধিত বাজেটের "বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়" খাতের অর্থনৈতিক কোড নং-১৩৫০১০১-১২০০০১৭০১-৩২৪৪১০১ এ বরাদ্দকৃত "ভ্রমণ ব্যয়" বাবদ অর্থ হতে বহন করা হবে। ভ্রমণের পূর্বে অগ্রিম প্রদান করা হলে তা চূড়ান্ত বিল পরিশোধকালে সমন্বয় করা হবে।

১০. রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুসারে প্যাকেজ ক্রয় সাপেক্ষে ২০২৬ সনের হজে টিমের সদস্যগণ হজ করার সুযোগ পাবেন।

১১. টিমের সদস্যদের শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সরকারি চাকুরি আইন, ২০১৮ প্রযোজ্য হবে। দায়িত্বে অবহেলা, শৃঙ্খলা ভঙ্গসহ অসদাচরণের কারণে উক্ত আইন অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবরে সুপারিশ করা হবে।

১২. সৌদি আরবে দায়িত্ব পালনে ত্রুটি/অবহেলা করা হলে প্রাপ্য দৈনিক ভাতা কর্তন করা হবে।

১৩. টিমের সদস্যগণ জেদ্দা/মক্কা/মদিনায় কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত হোটেল/ বাড়িতে অবস্থান করবেন। নিজস্ব কোন ব্যবস্থাপনায় অবস্থান করা যাবে না। হোটেল/বাড়িতে অবস্থানের জন্য প্রযোজ্য ভাড়া কর্তন করা হবে। নির্ধারিত সিটের অতিরিক্ত সিট নিজ দখলে রাখলে উক্ত সিটের ভাড়াও তাঁর ভাতা হতে কর্তন করা হবে।

১৪. টিমের সদস্যগণকে চূড়ান্ত বিল উত্তোলনের জন্য দায়িত্ব পালন বিষয়ে কাউন্সেলর (হজ) এর প্রত্যয়নপত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ২ সেট, সৌদি আরবে গমন ও প্রত্যাগমনের বিমান টিকেট, যাওয়া ও আসার বোর্ডিং পাসের মূল কপি ও ১ সেট ফটোকপি, পাসপোর্টে ডিপারচার ও এ্যারাইভাল এর সীলযুক্ত পাতার ফটোকপি ২ সেট, ভ্রমণ বিবরণী ২ সেট, জিও জারীর মাসের বেতন বিলের কপি ২ সেট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় (কক্ষ নং-১৫১৯, ভবন নং-৬) দাখিল করতে হবে।

১৫. টিমের সদস্যগণ কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, সৌদি আরব বরাবর যোগদানপত্র দাখিল করবেন। বাংলাদেশে প্রত্যাবর্তনকালে কাউন্সেলর (হজ)-এর নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন।

১৬. প্রশাসনিক টিমের দলনেতা টিমের সদস্যদের কার্যক্রম সম্পর্কে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও কাউন্সেলর (হজ) এর নিকট মূল্যায়ন প্রতিবেদন প্রদান করবেন।

১৭. টিমের সদস্যগণ সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত আছেন মর্মে বিবেচিত হবেন। সদস্যগণ যে কোন সময় হজযাত্রীদের সেবা প্রদানে বাধ্য থাকবেন।

১৮. টিমের সদস্যগণ দায়িত্ব পালনকালে নির্ধারিত পোশাক/জার্সি পরিধান করবেন।

১৯. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখে সৌদি আরব গমন করতে হবে। নির্ধারিত সময়ে সৌদি আরবে গমনের লক্ষ্যে পাসপোর্ট ও অন্যান্য কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে সরকারি আদেশের তাঁর অংশ বাতিল বলে গণ্য হবে।

২০. টিমের সদস্যগণকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।

২১. টিমের সদস্য হিসেবে সৌদি আরবে যতদিনই দায়িত্ব পালন করুন তিনি সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের ভাতা প্রাপ্য হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

১২/০৫/২০২৬

মোঃ তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন :+৮৮-০২-৫৫১০১১১৯
hajj_sec1@mora.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০১৩.২৬-৪৪৫

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. হিসাব মহানিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা।
৭. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৮. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৯. মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, ঢাকা।

১০. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১৩. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৪. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৬. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৮. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১৯. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
২০. উপসচিব (সচিবালয় নিরাপত্তা শাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (হজ প্রশাসনিক দলের সদস্যদের মধ্যে সচিবালয়ের বাহিরের অফিসের সদস্যদেরকে এ জি.ও প্রদর্শন সাপেক্ষে প্রয়োজনে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
২১. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩. জনাব ..... সদস্য, হজ প্রশাসনিক দল ২০২৬।
২৪. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২৫. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা [www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ]।
২৬. মহাব্যবস্থাপক (সেলস), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি., মতিঝিল, ঢাকা (বর্ণিত সদস্যদের অনুকূলে নির্ধারিত তারিখ অনুযায়ী বিমান টিকিট সরবরাহের জন্য অনুরোধসহ)।
২৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
২৯. ....., সংশ্লিষ্ট সকল অফিস/সংস্থা।
৩০. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ঢাকা [হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ]।
৩১. অফিস কপি।

২৭/০৮/২০২৬

মোঃ তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব